# স্নাতক পরীক্ষা ২০২২
## সাম্মানিক বাংলা
### সেমেস্টার : ৬ (CBCS) কোর্স : CC 13
### নির্বাচিত বাংলা প্রবন্ধ

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

#### একক — ১

১। রবীন্দ্রনাথ 'সাহিত্যের পথে' প্রবন্ধ-গ্রন্থের 'বাস্তব' প্রবন্ধে সাহিত্যের বাস্তবতা নিয়ে যে-অভিমত ব্যক্ত করেছেন, সেটি নিজের ভাষায় আলোচনা করো। ১৫

২। 'অসংগতির তার অল্পে অল্পে চড়াইতে চড়াইতে বিস্ময় ক্রমে হাস্যে এবং হাস্য ক্রমে অশ্রুজলে পরিণত হইতে থাকে।' — 'পঞ্চভূত' গ্রন্থের 'কৌতুকহাস্যের মাত্রা' প্রবন্ধ অবলম্বনে আলোকপাত করো। ১৫

৩। 'জীবনের প্রথম আরম্ভে সমস্ত মন থেকে বিশ্বাস করেছিলুম য়ুরোপের অন্তরের সম্পদ এই সভ্যতার দানকে। আর আজ আমার বিদায়ের দিনে সে বিশ্বাস একেবারে দেউলিয়া হয়ে গেল।' — 'কালান্তর' প্রবন্ধ-গ্রন্থের 'সভ্যতার সংকট' প্রবন্ধ অবলম্বনে প্রাবন্ধিকের এই অভিমতের যৌক্তিকতা বিচার করো। ১৫

#### একক — ২

৪। বিভাব ও অনুভাব কাকে বলে, একটি দৃশ্যকাব্যের অথবা একটি কবিতার উদাহরণের মাধ্যমে বিষয়টি বুঝিয়ে দাও। ১৫

৫। শৃঙ্গার রসের কাব্যে 'করুণ' ও 'হাস্য' সঞ্চারী হয়ে উঠতে পারে কি না উদাহরণ-সহ আলোচনা করো। ১৫

৬। ধ্বনি কাকে বলে? ধ্বনির আলোচনা কীভাবে রসাস্বাদন প্রক্রিয়ার ব্যাখ্যায় কাজে লাগে তা বুঝিয়ে দাও। ১৫

#### একক — ৩

৭। 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের 'আমার মন' প্রবন্ধটিতে বিষয়বস্তু ও শিল্পরূপের একটি চমৎকার সমন্বয় ঘটেছে — আলোচনা করো। ১৫

৮। রবীন্দ্রনাথের শেষ জীবন সম্পর্কে অন্নদাশঙ্কর রায়ের আলোচনা নিজের ভাষায় ব্যাখ্যা করো। ১৫

৯। বুদ্ধদেব বসুর স্মৃতিতে 'পুরানা পল্টন'এর কোন্ কোন্ বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা নিজ ভাষায় লেখো। ১৫

১০। যে-কোনো তিনটি টীকা লেখো: ৩x৫=১৫

(ক) 'শিরসি মা লিখ, মা লিখ, মা লিখ।'

(খ) 'পত্রলেখা পত্নী নহে, প্রণয়িনীও নহে, কিঙ্করীও নহে, পুরুষের সহচরী।'

(গ) বীর ও রৌদ্র রসের পার্থক্য।

(ঘ) সহৃদয়হৃদয়সংবাদী।

(ঙ) 'যাহা লঘু, তাহা ত উঠিবেই; যাহা গুরু, তাহা ত নামিবেই; ইহাই ত প্রকৃতির নিয়ম।'

(চ) 'আবার সংসার কাচময়।'

—

# স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২২

সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৬ (CBCS) কোর্স : CC-14

## রবীন্দ্রসাহিত্য

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও। ১৫ নম্বর মানের উত্তরের জন্য শব্দসংখ্যা অনধিক ৩৫০ এবং ৫ নম্বর মানের উত্তরের জন্য শব্দসংখ্যা অনধিক ১০০।

### একক – ১

১। কালিদাসের কাব্য রবীন্দ্রনাথের 'মেঘদূত' কবিতায় কীভাবে নতুন রূপ লাভ করেছে দেখাও। ১৫

২। 'বধূ' কবিতায় নগরজীবন সম্পর্কে এক বধূর যে তিক্ততা ব্যক্ত হয়েছে তার পরিচয় দাও। ১৫

৩। 'নিষ্ফল কামনা' কবিতায় কবি কোন কামনার কথা বলেছেন এবং সেই কামনার নিষ্ফলতা কীভাবে দেখিয়েছেন আলোচনা করো। ১৫

### একক – ২

৪। 'রাজা ও রানী' নাটকের রাজা চরিত্রটি আলোচনা করো। ১৫

৫। 'রাজা ও রানী' নাটকে কুমার ও ইলার অংশটি প্রাসঙ্গিক কিনা তোমার মতামত অনুযায়ী বিশ্লেষণ করো। ১৫

৬। 'রাজা ও রানী' নাটকের গঠনশৈলী বিচার করো। ১৫

### একক – ৩

৭। 'চোখের বালি' উপন্যাসের নামকরণ সম্পর্কে আলোচনা করো। ১৫

৮। "বিনোদিনী এবং আশা, উভয়কেই স্থান দিবার মতো প্রশস্ত হৃদয় মহেন্দ্রের আছে।"—'চোখের বালি' উপন্যাসের ৩২ সংখ্যক পরিচ্ছেদে মহেন্দ্রর এই আত্ম-উপলব্ধির নিরিখে তার চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

৯। 'চোখের বালি' উপন্যাসে নানাভাবে আগুনের চিত্রকল্প ব্যবহার করা হচ্ছে। বিষয়টি বিশদে আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩×৫=১৫

ক) 'ইহার চেয়ে হতেম যদি/ আরব বেদুয়িন !'

খ) "দ্বিতীয় বলয়খানি ছুঁড়ি দিয়া জলে
গুরু কহিলেন, 'আছে ওই নদীজলে।' "

গ) রেবতী

ঘ) দেবদত্ত

ঙ) বিহারীর কাশী যাত্রা

চ) বিহারীকে লেখা বিনোদিনীর চিঠি

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২২

সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৬ (CBCS) কোর্স : DSE-3

(বিশ্বায়ন ও বাংলা সাহিত্য)

সময় : ৩ ঘণ্টা | পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক — ১

১। বিশ্বায়ন পরবর্তী তথ্য-প্রযুক্তির বিপ্লব সাহিত্যের ভুবনকে কীভাবে প্রভাবিত করেছে আলোচনা করো। ১৫

২। ভারতের মতো তৃতীয় বিশ্বের দেশে বিশ্বায়ন শুধুমাত্র আশীর্বাদ হয়ে দেখা দেয়নি — মন্তব্যটি বিচার করো। ১৫

৩। বিশ্বায়ন পরবর্তী বাংলা থিয়েটারের প্রেক্ষিতে কোম্পানি থিয়েটারের স্বরূপ পর্যালোচনা করো। ১৫

একক — ২

৪। 'নুড়ি বাঁদর' উপন্যাস কোন কোন দিক থেকে অভিনব — এ বিষয়ে তোমার মত সংক্ষেপে জানাও। ১৫

৫। 'নুড়ি বাঁদর' উপন্যাসের শেষাংশে পরিবেশকে কেন্দ্র করে যে সমস্যা সৃষ্টি হয়েছে তার পরিচয় দাও এবং এ বিষয়ে তোমার বক্তব্য সম্প্রসারিত করো। ১৫

৬। 'নুড়ি বাঁদর' উপন্যাসের বাস্তবতা বিষয়ে আলোচনা করো। ১৫

একক — ৩

৭। একদিকে জীবনযাত্রার মানোন্নয়ন, অন্যদিকে মূল্যবোধের অধঃপতন — বাংলার রূপান্তরিত গ্রামসমাজের এই বাস্তব ছবিকে 'বিষকপ্পুর' গল্পে যেভাবে তুলে ধরা হয়েছে তা নিজের মতো করে লেখো। ১৫

৮। আধুনিক জীবনের ইঁদুরদৌড়ের পরিসমাপ্তি ঘটে এক 'অন্ধকার বধ্যভূমিতে'। 'র‍্যাংক নম্বর ২১' গল্পে কয়েকটি নাটকীয় দৃশ্যের উপস্থাপনায় গল্পকার যেন এই কথাটি বলতে চেয়েছেন। প্রসঙ্গটি আলোচনা করো। ১৫

৯। পণ্যরতির প্রতি তির্যক প্রতিবাদই 'পণ্য সংহিতা' কাব্যগ্রন্থের মূলসুর। পাঠ্য কবিতা অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩ X ৫=১৫

ক) পণ্যরতি

খ) আন্তর্জাতিকতাবাদ বনাম বিশ্বায়ন

গ) ডুডেকাহেড্রেন

ঘ) রিণু হরিণী

ঙ) 'ঝড়ে কাক মরে' গল্পের নামকরণ

চ) শ্রীজাতর কবিতায় নাগরিক পরিসর (পাঠ্য কবিতা অবলম্বনে)

স্নাতক সাম্মানিক পরীক্ষা ২০২২

বাংলা

সেমেস্টার :৬ CBCS কোর্স DSE 4

মানবীবিদ্যা

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত। ১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১) সামাজিক লিঙ্গ-বৈষম্যের নিরিখে 'বিষয়ী'(Subject) ও 'বিষয়'( Object) বলতে কী বোঝায়? রুশোর সোফি এবং রবীন্দ্রনাথের কাব্যনাট্য ও নৃত্যনাট্যের চিত্রাঙ্গদা চরিত্র 'বিষয়' না কি 'বিষয়ী' হিসেবে উপস্থাপিত হয়েছে, তা তোমার নিজস্ব যুক্তিসহ আলোচনা করো। ৩+১২=১৫

২) 'আড়াই হাজার বছরের শাস্ত্র ও বহু প্রাচীন লোকাচার মিলে যে অধিসংগঠনটি বিবাহকে কেন্দ্র করে সৃষ্টি করেছে তা নেহাৎই একপেশে'- সুকুমারী ভট্টাচার্যর 'কনকাঞ্জলি' প্রবন্ধ অনুসারে বক্তব্যটি বিশ্লেষণ করো। ১৫

৩) রাসসুন্দরী দাসী ও স্বর্ণকুমারী দেবী দু'জনেই উনিশ শতকের মানবীবিদ্যাচর্চার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। অথচ দুজনের পরিবেশ সম্পূর্ণ আলাদা ছিল। তাঁদের লেখালেখির উল্লেখ করে বিষয়টি আলোচনা করো। ১৫

একক ২

৪) তোমার পঠিত একটি বারমাস্যা অবলম্বনে নারী মনস্তত্ত্বের পরিচয় দাও। ১৫

৫) 'চন্দ্রাবতী রচিত রামায়ণ-এ চিত্রিত সীতার জীবনকথা আসলে কবি চন্দ্রাবতীরও আত্মকথা'- আলোচনা করো। ১৫

৬) বেগম রোকেয়ার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে তাঁর নারীভাবনার পরিচয় দাও। ১৫

একক ৩

৭) বাল্মীকি রামায়ণের রামকেন্দ্রিকতাকে নবনীতা দেবসেন কীভাবে কৌতুক ও হাস্যের মাধ্যমে সীতাকেন্দ্রিক করে তুলেছেন পাঠ্য নিবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১৫

৮) দৈনন্দিন জীবনে মেয়েদের সামাজিক ভাবে যে-সমস্ত পরিস্থিতির মুখোমুখি হতে হয় তা লিঙ্গ-বৈষম্যের সূচক। তসলিমা নাসরিনের পাঠ্য নিবন্ধে কীভাবে প্রতিদিনের জীবন প্রতিবাদের বিষয় হয়ে উঠেছে আলোচনা করো। ১৫

৯) কবিতা সিংহ কীভাবে মেয়েদের শ্রমের ও অর্থনৈতিক জীবনের অধিকারকে গুরুত্ব দিয়েছেন তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১৫

১০) টীকা লেখো : ( যে কোনো তিনটি) ৩×৫=১৫

ক) প্রাচীন শাস্ত্রে বৈধ বিবাহ

খ) কাহাকে?'

গ) মাধব ও সত্য

ঘ) কৃষ্ণভাবিনী দাসীর 'স্ত্রীলোক ও পুরুষ'

ঙ) সাংস্কৃতিক লিঙ্গ ও প্রাকৃতিক লিঙ্গ

চ) সীতায়ন